

## শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

### হবিগঞ্জ

**প্রশ্নঃ** ফেসবুক আইডি ওপেন করার সময় আইডিকে নিরাপদ রাখার জন্য কী কী করতে পারি?

**উত্তরঃ** ফেসবুক এবং অন্যান্য সোশ্যাল মিডিয়ায় একাউন্ট খোলার ক্ষেত্রে এর নিরাপত্তা সেটিংস নিয়মিত যাচাই করতে হবে, একাউন্টের ই-মেইল/এসএমএস নোটিফিকেশন চালু করে নেয়া জরুরী। এছাড়া কোনো পোস্ট প্রকাশ করার আগে কে পোস্টটি দেখতে পারে তা যাচাই করে নেয়া; অধিকতর নিরাপত্তার জন্য আপনার সোশ্যাল মিডিয়ার একাউন্টে মোবাইল নম্বর নিবন্ধন করা; একাউন্টে **Two-factor authentication (2FA)** সিস্টেম চালু রাখা; অনলাইনে অপরিচিত কারো সাথে বন্ধুত্ব করার ক্ষেত্রে সতর্ক থাকা প্রয়োজন।

**প্রশ্নঃ** সোশ্যাল মিডিয়া একাউন্ট হ্যাকিং সংক্রান্ত তথ্য জানতে চাই?

**উত্তরঃ** আমরা অনেক সময় ফেসবুক আইডি হ্যাকিং এর ঘটনা দেখে থাকি অথবা অন্য কারোর ছবি নাম দিয়ে অনেকে ফেসবুক আইডি খুলে তাকে বিব্রত করতে দেখি। ফেসবুকে আপনার নামে কেউ ফেক আইডি খুললে কিভাবে রিপোর্ট করবেন এটা সকলের জেনে রাখা ভাল। প্রথমে যেই আইডিতে রিপোর্ট করতে চান তার প্রোফাইলে যান। এবার ওপর থেকে **More** অপশানে ক্লিক করুন। এবার **Find support or report profile** ক্লিক করুন। এখানে অনেক গুলো অপশন পাবেন। উদাহরণস্বরূপঃ

### Pretending to be someone

যদি কেউ আপনার নামে ফেক ফেসবুক আইডি খোলে তাহলে Pretending to be someone ক্লিক করে নিচে থেকে me সিলেক্ট করুন।

### হ্যাকড আইডি পুনরুদ্ধারঃ

হ্যাকড আইডি উদ্ধার করার জন্য <https://www.facebook.com/hacked> লিঙ্কটি প্রথমে ওপেন করতে হবে। এরপর “My Account is Compromised”-বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী ধাপে নিজ প্রোফাইলের অন্তর্ভুক্ত “Email Address” অথবা “Phone Number” লিখে Search বাটনে ক্লিক করার পর ফেসবুক কর্তৃপক্ষ ‘পাসওয়ার্ড’ পরিবর্তন করার জন্য অনুরোধ করবে। একটি Security Code উদ্ধারকারীর ‘Email Address’ অথবা ‘Phone Number’ এ যাবে এবং নতুন ‘পাসওয়ার্ড’ এর জন্য অনুরোধ করবে। আর এইভাবে হ্যাকড আইডি উদ্ধার করা সম্ভব।